



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-২২, ঢাকা

১৬ ও ১৮, নাভানা সেন্ট্রয়েড (৬ষ্ঠ তলা)

গরীব-ই-নেওয়াজ এডিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা-১২৩০।

www.taxeszone22dhaka.gov.bd



নথি নং: নিয়োগ/ছাড়পত্র/কর অঞ্চল-২২/জঃপঃশঃ/২০২৬-২০২৭/২২১

তারিখ:

২২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, কর-১ শাখা এর স্মারক নম্বর ০৮.০০. ০০০০.০০০. ০৩৭.১১. ০০০১.২৪.২৯২, তারিখ: ১৯ আগস্ট ২০২৬ খ্রি. অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর অঞ্চল-২২, ঢাকা এর অধীনে গ্রেড-১৩ হতে গ্রেড-২০ পর্যন্ত বিভিন্ন ক্যাটাগরিতে মোট ৬৯ (উনসত্তর) টি শূন্য পদে সরাসরি কোটায় অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে ঢাকা জেলার প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের স্বত্বসাপেক্ষে অনলাইনে <https://tax22.teletalk.com.bd> ওয়েবসাইটের মাধ্যমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। উল্লেখ্য, অনলাইন ব্যতীত অন্য কোন উপায়ে আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমিক	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী)	পদের সংখ্যা
১.	কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩)	০১ (এক)টি
২.	ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৩)	০৪ (চার)টি
৩.	প্রধান সহকারী (গ্রেড-১৩)	১২ (বারো)টি
৪.	উচ্চমান সহকারী (গ্রেড-১৪)	০৭ (সাত)টি
৫.	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)	২০ (বিশ)টি
৬.	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬)	১৩ (তেরো)টি
৭.	অফিস সহায়ক (গ্রেড-২০)	১২ (বারো)টি

২. পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি কর অঞ্চল-২২, ঢাকার ওয়েবসাইট <https://taxeszone22dhaka.gov.bd> এবং <https://tax22.teletalk.com.bd> অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল <https://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য <https://taxeszone22dhaka.gov.bd> ওয়েবসাইট হতে জানা যাবে।



৩. উল্লেখ্য, আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ, সময়: সকাল ১০:০০ ঘটিকা এবং আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: ৩১ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ, সময়: বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।

*** Online এর আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইন-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।



কর অঞ্চল-২২, ঢাকার
ওয়েবসাইটে প্রবেশ এর
QR code



কর অঞ্চল-২২, ঢাকার
টেলিটক পোর্টালে প্রবেশ এর
QR code

স্বাক্ষরিত: ০৭-১০-২০২৬
(এস.এম. গাউস-ই-নাছ)
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি
কর অঞ্চল-২২, ঢাকা
ও
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-২২, ঢাকা।